

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
আইন শাখা-১  
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০০২.১৮-৩৬৩

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৬  
১৮ জুলাই ২০১৯

বিষয়: কনটেম্পট পিটিশন নং-৩০৬/২০১৯ (রিট পিটিশন নং-৩৬০/২০০৮ হতে উদ্ধৃত) এর বিষয়ে ব্যবস্থা গ্রহণের লক্ষে রিট মামলার ১১.০৮.১৬ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণের বিষয়ে গৃহীত ব্যবস্থার হালনাগাদ তথ্যাদি প্রেরণ।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০৪.০০২.১৮-১৭, তারিখ: ০৫/০৭/২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব দেবরাজ তালুকদার, প্রভাষক (সার্টিফিক বিদ্যা) এইচ.এম.পি উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জ কর্তৃক মে/২০০৭ হতে জাতীয় বেতনস্কেলের ০৬ নং কোডে এমপিওভুক্তিসহ বেতন ভাতা দাবী করে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৩৭৮০/২০০৮ দায়ের করা হয়।

০২। উক্ত রিট মামলার ১১.০৮.২০১৬ তারিখের রায় জাতীয় বেতনস্কেলের ০৬ নং কোড অনুযায়ী মে/২০০৭ হতে বেতন ভাতা পরিশোধের জন্য রেসপনডেন্টগণের প্রতি নির্দেশনা দেয়া হয়। মূল রায়ের নির্দেশনা নিম্নরূপ:

The respondents are hereby directed to pay the MPO portion from May, 2007 as per then grade 6 and corresponding to the present national pay scale in favour of the petitioner. The respondents are also hereby directed to pay all the arrears of his salary accordingly within 60 days from receipt a copy of this judgment.

০৩। উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতের প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য সূত্রমূলে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অদ্যাবধি উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ এ বিষয়ে হালনাগাদ তথ্যাদি তাঁর দপ্তর থেকে পাওয়া যায়নি।

০৪। এদিকে রিট মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩০৬/২০১৯ দায়ের করা হয়। উক্ত কনটেম্পট মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মহাপরিচালক, মাউশি অধিদপ্তর ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জনকে contemptor-respondent করা হয়।

০৫। এফগে, রিট পিটিশন নং-৩৭৮০/২০০৮ মামলায় গত ১১.০৮.১৬ খ্রি. তারিখের রায়ের বিষয়ে এবং কনটেম্পট পিটিশন নং-৩০৬/২০১৯ এর বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষে নিম্নরূপ তথ্য প্রয়োজন:

- ক. রিট পিটিশন নং-৩৭৮০/২০০৮ মামলায় মহামান্য আদালত কর্তৃক প্রদত্ত রায়ের বিরুদ্ধে সিএমপি/সিপি দাখিল হয়েছে কীনা?
- খ. সিএমপি/সিপি দায়ের হয়ে থাকলে সিএমপি/সিপি এর সর্বশেষ অবস্থা কী;
- গ. সিএমপি/সিপি দায়ের না হয়ে থাকলে সিএমপি/সিপি দায়ের না হওয়ার কারণ কী;
- ঘ. উক্ত রিট মামলার রায়ের বিরুদ্ধে কবে নাগাদ আপীল দায়ের সম্ভব হবে এবং আপীলের ground কী হবে?
- চ. উক্ত মামলার বিষয়ে টিএমইডির করণীয় কী?

০৬। এমতাবস্থায়, উপরি-উক্ত চাহিত তথ্যাদি আগামী ৩০.০৭.১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা)  
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরেবাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি/মাস্টার কপি।